



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/15/2021

গভর্নর ক্যাথি হোকল

কোভিড-19 বুস্টারের ব্যাপারে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"গভর্নর হিসেবে, আমি সকল নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষা করার জন্য অঙ্গীকারবদ্ধ, এবং যেহেতু ছুটির মৌসুম আসছে, আমাদেরকে অবশ্যই নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে এবং কোভিড-19 বিস্তার রোধে সম্ভব সবকিছু করতে হবে।

"আমরা জানি যে টিকা শুধু বিস্তারের গতি কমায় না, বরং ফলাফল উন্নত করে এবং আমাদের হাসপাতাল ও স্বাস্থ্যসেবা ব্যবস্থার উপর থেকে চাপ হ্রাস করে। ডাঃ ফাউসি সম্প্রতি জানিয়েছেন যে সবার জন্য বুস্টার টিকা উপলভ্য করা এই প্রাণঘাতী ভাইরাসের সাথে লড়াইয়ে 'নিশ্চিতভাবে অত্যাবশ্যিকীয়', বিশেষ করে যেহেতু মানুষ ছুটিতে একত্রিত হওয়ার জন্য ঘরের ভেতরে জমায়েত শুরু করেছে।

"আমি উচ্চ ঝুঁকির অবস্থানে বসবাসরত বা কর্মরত সকল নিউ ইয়র্কবাসীকে বুস্টার নেওয়ার জন্য ভীষণভাবে উৎসাহিত করছি। আমি বুস্টার গ্রহণ করেছি, এবং বিশ্বাস করি যে যারা ঝুঁকিতে আছেন বলে মনে করছেন তাদের সকলের কোভিড-19 বুস্টার টিকা পাওয়ার সুযোগ থাকা উচিত। আপনার যদি মনে হয় আপনি ঝুঁকিতে আছেন, অনুগ্রহ করে বুস্টার টিকা নিন।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবক্রাইব করুন](#)